



সিনিয়র জেলা নির্বাচন অফিস, নোয়াখালী

ও

সংশোধনকারী কর্তৃপক্ষের কার্যালয়
ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯
সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলা।

বিজ্ঞপ্তি

বিষয় : হালনাগাদকৃত ভোটার তালিকার খসড়া প্রকাশ এবং সংশোধনকারী কর্তৃপক্ষের কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।
সূত্র : ১৭.০০.০০০০.০২৬.৩২.০২১.১৯-২১, তারিখ : ২০ জানুয়ারি ২০২০।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে বিধায় উক্ত খসড়া তালিকার উপর কোন প্রকার দাবী, আপত্তি বা সংশোধন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলার অন্তর্ভুক্ত ইউনিয়ন/পৌরসভার সকল ভোটার এলাকার খসড়া ভোটার তালিকা জনসাধারণের প্রদর্শনের জন্য এবং কোন প্রকার দাবী, আপত্তি বা সংশোধন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত খসড়া তালিকা সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উম্মুক্ত রাখা হয়েছে। প্রকাশিত খসড়া ভোটার তালিকা সম্পর্কে কোন প্রকার দাবী, আপত্তি বা সংশোধনী থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিকে জেলা নির্বাচন অফিসার, নোয়াখালী ও সংশোধনকারী কর্তৃপক্ষের (রিভাইজিং অথরিটি) কার্যালয় ও স্ব স্ব উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে হতে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৩। খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবী, আপত্তি এবং সংশোধনের আবেদন ও নিষ্পত্তির সময়সূচী নিম্নরূপ :

ক্রম	কার্যক্রম	তারিখ
১	হালনাগাদ খসড়া ভোটার তালিকা প্রকাশ	
২	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ	২০ জানুয়ারি ২০২০ (সোমবার)
৩	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্তসমূহের নিষ্পত্তির শেষ তারিখ	০৪ ফেব্রুয়ারি ২০২০ (মঙ্গলবার) ১২ ফেব্রুয়ারি ২০২০ (বুধবার)
৪	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	২০ ফেব্রুয়ারি ২০২০ (বৃহস্পতিবার)
৫	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	অতিশীঘ্র জানানো হবে।

(মোহাম্মদ মাসুদুল হক)

অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, নোয়াখালী

ও

সংশোধনকারী কর্তৃপক্ষ
ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯
সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলা

তারিখ : ২০/০১/২০২০

নং- ১৭.১০.৭৫০০.০০০.৩২.০১১.১৮. ২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ৪। মেয়র, সোনাইমুড়ী, চাটখিল ও হাতিয়া পৌরসভা, নোয়াখালী।
- ৫। উপজেলা নির্বাচন অফিসার, সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলা।
- ৬। চেয়ারম্যান/সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলা, নোয়াখালী।


অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, নোয়াখালী

ও

সংশোধনকারী কর্তৃপক্ষ
ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ এর উপর সংশোধনকারী কর্তৃপক্ষের শুনানীর সময়সূচী নিম্নরূপঃ

ক্রম	বিবরণ	শুনানীর স্থান	শুনানীর তারিখ	মন্তব্য
১	ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ এর উপর সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত দরখাস্তসমূহ নিষ্পত্তির শুনানী	উপজেলা নির্বাচন অফিস সোনাইমুড়ী, নোয়াখালী	১১/০২/২০২০ মঙ্গলবার	
		উপজেলা নির্বাচন অফিস চাটখিল, নোয়াখালী	১০/০২/২০২০ সোমবার	
		উপজেলা নির্বাচন অফিস সুবর্ণচর, নোয়াখালী	১২/০২/২০২০ বুধবার	
		উপজেলা নির্বাচন অফিস হাতিয়া, নোয়াখালী	১৩/০২/২০২০ বৃহস্পতিবার	


(মোহাম্মদ মাসুদ হক)

অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, নোয়াখালী

ও

সংশোধনকারী কর্তৃপক্ষ

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯
সোনাইমুড়ী, চাটখিল, সুবর্ণচর ও হাতিয়া উপজেলা